দৈনিক ইত্তেফাক

15

তারিখ ... 21 NOV 1997
পৃষ্ঠা ৩ কলাম ৭

## অনুমিত না লইয়া টিএন্ডটি নৈশ কলেজে দিবা শাখা চালু করার অভিযোগ

টিএণ্ডটি নৈশ কলেজের অধ্যক্ষ বোর্ডের অনুমতি না লইয়া দিবা শাখায় মহিলা কলেজ চালু করায় বিদ্যালয়ের প্রভাতী ও দিবা শাখার ছাত্র-ছাত্রীদের লেখাপড়া—বিঘ্নিত হইতেছে বলিয়া অভিযোগ করা হয়। এজন্য স্কুল ভবনে অব্যাহত

(৫ম পৃ: দ্র:)

## অনুমতি না লইয়া

(৩য় পৃ: পর)

সভা, মিছিল ও বিক্ষোভ প্রদর্শনের কারণে ছাত্র-ছাত্রীদের অভিভাবক-গণও শংকিত হইয়া পড়িয়াছে। অভিযোগে বলা হয়, বিভিন্ন ক্ষেত্রে অধ্যক্ষের স্বেচ্ছাচারিতার কারণে এই শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ ও ভাব-মূর্তি বিনষ্ট হইতেছে। এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান হইয়াছে। উল্লেখ্য, ১৯৬৪ সালে টিএণ্ডটি বোর্ডের নিজস্ব জমিতে টিএণ্ডটি উচ্চ বিদ্যালয় স্থাপিত হয়। পরে বোর্ডের বিশেষ বিবেচনায় স্কুল ভবনে শুধু নৈশ কলেজ পরিচালনার অনুমতি দেওয়া হয়।

টিএণ্ডটি উচ্চ বিদ্যালয় প্রাক্তন ছাত্র ১৯৬৯ ব্যাচ সমিতি গত বুধবার এসব অভিযোগ করিয়াছে।

—প্রেস বিজ্ঞপ্তি